সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
রক্ষণাবেক্ষণ অধিশাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০১৫.০৭.০৪৩.১৮- ১৩৭ তারিখ : ১৫.০২.২০১৮ খ্রিস্টাব্দ

বিষয় : রংপুর সড়ক জোনের অধীন ২০১৭-২০১৮ অর্থবছরে e-GP'র মাধ্যমে আহবানকৃত Strengthening and Surfacing by DBS-Wearing Course from chainage 0+000 to 9+500 km of Jaldhaka (Vadurdargah)-Dimla-Tunirhat (Z-5703) Road under Road Division Nilphamari during the year 2017-2018 [Tender ID No-147628, Package No-eGP-28/RHD/ACE/RZ/2017-2018] শীর্ষক কাজের দরপত্র অনুমোদন।

উপর্যুক্ত বিষয়ে দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ ও ক্রয়-প্রস্তাব প্রক্রিয়াকরনে প্রচলিত বিধি-বিধানের ব্যত্যয় ঘটেনি মর্মে প্রত্যয়ন এবং সওজ অধিদপ্তরের প্রধান প্রকৌশলীর সুপারিশের পরিপ্রেক্ষিতে বিষয়ে উল্লিখিত প্যাকেজের ক্রয়-প্রস্তাব নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে অনুমোদন করা হলঃ

| দরপত্র নং | প্রতিষ্ঠানের নাম | সড়ক বিভাগ | কাজের নাম | অনুমোদিত টাকা |
|---|---|---|---|---|
| Tender ID No-147628, Package No-eGP-28 /RHD/ACE/RZ/2017-2018 | Toma Construction & Co. Limited | নীলফামারী | Strengthening and Surfacing by DBS-Wearing Course from chainage 0+000 to 9+500 km of Jaldhaka (Vadurdargah)-Dimla-Tunirhat (Z-5703) Road under Road Division Nilphamari during the year 2017-2018 | ১২,৬২,৫৫,১৯৬.৭৫ (বার কোটি বাষট্টি লক্ষ পঞ্চান্ন হাজার একশত ছিয়ানব্বই টাকা পঁচাত্তর পয়সা) টাকা |

**শর্তসমূহ:**

(১) ব্যয় নির্বাহের ক্ষেত্রে ক্রয় সংক্রান্ত বিধি-বিধানসহ সকল আর্থিক বিধি-বিধান অনুসরণ করতে হবে;
(২) দরপত্রে উল্লিখিত নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পাদন করতে হবে। সময় বৃদ্ধি করা যাবে না;
(৩) ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদনের পর ১৫(পনের) দিনের মধ্যে Work Program এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে;
(৪) পর পর ২(দুই) মাস Work Program এ নির্ধারিত লক্ষমাত্রা অর্জনে ব্যর্থ হলে ঠিকাদারের সাথে সম্পাদিত চুক্তি ও পিপিআর ২০০৮ অনুযায়ী ঠিকাদারের বিরুদ্ধে শাস্তিমুলক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
(৫) ঠিকাদারের কার্য সম্পাদন জামানত ১০% রাখতে হবে;
(৬) সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কাজের গুণগতমান স্পেসিফিকেশন অনুযায়ী হচ্ছে কিনা তা সরেজমিনে নিশ্চিত করবেন। সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী তা তত্ত্বাবধায়ন ও নিশ্চিত করবেন;
(৭) দরপত্রের স্পেসিফিকেশন অনুযায়ী গুণগতমান বজায় রেখে ঠিকাদার কাজ সম্পাদন করতে না পারলে তার দায়-দায়িত্ব কাজ বাস্তবায়নকারী ও তত্ত্বাবধানকারী প্রকৌশলীগণের উপর ব্যক্তিগতভাবে বর্তাবে;
(৮) কাজের Defects Liability Period ৩(তিন) বছর রাখতে হবে;
(৯) মহাসড়কের সাব-বেইজ বা বেইজ দূর্বল/ক্ষতিগ্রস্ত থাকলে উক্ত সাব-বেইজ বা বেইজ এর মেরামত বা প্রতিকার না করে মহাসড়কে বাইন্ডার কোর্স (DBS)/ওভারলে এর কাজ করা যাবে না;
(১০) মহাসড়কে পানি জমে মহাসড়ক ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা থাকলে সেক্ষেত্রে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ না করে সড়কে বাইন্ডার কোর্স (DBS)/ওভারলে এর কাজ করা যাবে না;
(১১) সম্পাদিতব্য কাজের Defect Liability Period এ কোন ত্রুটি দেখা দিলে তা মেরামত করার বিষয়ে General Conditions of Contract (GCC) এর Section 3 এর Sub-section 56 ও 57 এবং পিপিআর ২০০৮ এর বিধি ৩৯(৭)(৮)অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ নিশ্চিত করতে হবে;
(১২) ঠিকাদারের রক্ষণযোগ্য অর্থ (Retention Money) ব্যাংক গ্যারান্টি গ্রহণপূর্বক তা ফেরত প্রদানের বিষয়ে পিপিআর ২০০৮-এ বাধ্যবাদকতা না থাকায় ব্যাংক গ্যারান্টি গ্রহণ করে রক্ষণযোগ্য অর্থ (Retention Money) ফেরত প্রদান করা যাবে না;
(১৩) কাজের Defect Liability Period এর মধ্যে সড়কের সৃষ্ট ত্রুটি ঠিকাদার কর্তৃক মেরামতের পর সম্পাদিত মেরামত কাজ যথাযথভাবে সম্পাদিত হয়েছে তা সরেজমিন নিশ্চিত হয়ে ঠিকাদারের অনুকূলে Defects Correction Certificate ইস্যু করতে হবে;
(১৪) সুপারিশকৃত ঠিকাদারের নিজস্ব সরঞ্জামাদি বিশেষ করে Asphalt Batching Plant অনুমোদনের ১(এক) মাসের মধ্যে কাজের সাইটে স্থানান্তর করতে হবে। স্থানান্তরে ব্যর্থ হলে দরপত্র অনুমোদন বাতিল বলে গণ্য হবে এবং ন্যূনতম সময় দিয়ে পুন:রায় দরপত্র আহবান করতে হবে;
(১৫) কাজটি বাস্তবায়নের ক্ষেত্রে ঠিকাদারকে অবশ্যই Asphalt Batching Plant ব্যবহার করতে হবে;
(১৬) বর্ষা মৌসুমে বিটুমিনাসের কাজ করা যাবে না; এবং
(১৭) কোনরূপ বকেয়া সৃষ্টি করা যাবে না।

e-GP

কাজী আব্দুল্লাহ আল মামুন
প্রোগ্রামার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১৫/২/১৮
(মোঃ নজরুল ইসলাম সরকার)
উপসচিব
ফোন: ৯৫১৪০৭৫
E-mail: dsmaintenance@rthd.gov.bd

প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন,তেজগাঁও, ঢাকা।

অনুলিপি (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):
১। অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, রংপুর সড়ক জোন, রংপুর।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, দিনাজপুর সড়ক সার্কেল, দিনাজপুর।
৫। জনাব তওহীদ আহমদ সজল, সিনিয়র সহকারী প্রধান (কার্যক্রম ও এডিপি), মনিটরিং টিম প্রধান, টিম নং-২১, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৬। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, নীলফামারী সড়ক বিভাগ, নীলফামারী।
৭। জনাব কাজী আব্দুল্লাহ আল মামুন, প্রোগ্রামার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ইজিপিতে পক্রিয়াকরণের অনুরোধসহ)।
৮। অফিস কপি/মাষ্টার কপি।